

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা - ১০০০।

বিআরপিডি সার্কুলার নং -০৮

মে ১৬, ২০১৭
তারিখ :-----
জ্যৈষ্ঠ ০২, ১৪২৪

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

Prudential Guidelines for Consumer Financing and Small Enterprise Financing প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৭ তারিখঃ নভেম্বর ০৩, ২০০৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলারের মাধ্যমে দুইটি গাইডলাইন যথাক্রমে: কনজুমার ফাইন্যান্সিং গাইডলাইন এবং স্মল এন্টারপ্রাইজ ফাইন্যান্সিং গাইডলাইন বাস্তবায়নের জন্য ব্যাংকসমূহকে পরামর্শ প্রদান করা হয়েছিল। সম্প্রতি ব্যাংকিং খাতে ঋণের বিপরীতে অগ্রিম তারিখযুক্ত/তারিখবিহীন চেককে জামানত হিসেবে গ্রহণের ফলে আইনী জটিলতা বৃদ্ধি পাওয়ায় **Prudential Regulations for Small Enterprise Financing** নামীয় গাইডলাইন নিম্ন-লিখিতভাবে সংশোধন করা হলো:

উক্ত গাইডলাইনের রেগুলেশন-৬: Securities শিরোনাম এর অধীনে ক্রমিক নং-e (Post Dated Cheques for each installment and one undated cheque for full loan value including full interest.) এতদ্বারা রহিত করা হলো।

০৩। উপরোল্লিখিত গাইডলাইনটির রেগুলেশন-১৩ এর পর ঋণ পরিশোধের পদ্ধতি বিষয়ক নিম্ন-বর্ণিত নতুন রেগুলেশন-১৪ সন্নিবেশিত হলো:

“Regulation: 14 Procedure of Loan Repayment

For the purpose of smooth repayment procedure against disbursed loans, Banks are advised to follow the procedure as follows:

- A letter of authority from the client(s) shall be taken for debiting client(s) account for repayment of loan installment(s) as per loan agreement.
- A memorandum of deposit of Cheque shall be taken from the concerned client.
- Fully prepared and valid signed post dated cheques shall be taken for each installment stipulating amount and date as per repayment schedule.”

০৪। ঋণ পরিশোধ পদ্ধতি বিষয়ক উক্ত নতুন রেগুলেশন ব্যাংকের সাথে গ্রাহকের সম্পাদিত ঋণ চুক্তিতে অন্তর্ভুক্ত করতে হবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(আবু ফরাহ মোঃ নাছের)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২